

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 05-06-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

.....

RESULT :

ভারতের নির্বাচন কমিশনের দেওয়া তথ্য অনুযায়ী, ৫৪৩ আসনের লোকসভায় ভারতীয় জনতা পার্টি ২৪০ টি আসন দখল করে এককভাবে বৃহত্তম দল হিসাবে উঠে এসেছে ।

ভারতীয় জাতীয় কংগ্রেস ৯৯ টি আসন দখল করেছে । সমাজবাদী পার্টি ৩৭ টি, সারা ভারত তৃনমূল কংগ্রেস ২৯ টি, DMK ২২ টি, তেলেগুদেশম ১৬ টি, জনতা দল ইউনাইটেড ১২ টি আসন, রাষ্ট্রীয় জনতা দল ৪ টি এবং YSR কংগ্রেস ৪ টি, আম আদমি পার্টি ৩ টি, শিবসেনা উদ্ধব ঠাকরে গোষ্ঠি ৯ টি, NCP ৮ টি আসন, নির্দল প্রার্থী ৭ টি আসন দখল করেছে ।

PM Won :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তরপ্রদেশের বারানসী কেন্দ্র থেকে জয়লাভ করেছেন। তিনি তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেসের অজয় রাইকে ১ লক্ষ ৫০ হাজারেরও বেশি ভোটে পরাজিত করেন। শ্রী মোদী পেয়েছেন ৬ লক্ষ ১২ হাজার ৯৭০টি ভোট এবং শ্রী রাই পেয়েছেন ৪ লক্ষ ৬০ হাজার ৪৫৭টি ভোট। এই কেন্দ্রে বহুজন সমাজবাদী পার্টির অতহর জামাল লারি ৩৩ হাজার ৭৬৬টি ভোট পেয়ে তৃতীয় স্থানে রয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লোকসভা আসনের ফলাফলের জন্য দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

অন্যদিকে, কংগ্রেস নেতা রাহুল গান্ধী কেরালার ওয়ানাড় ও উত্তর প্রদেশের রায় বেরিলি দুই কেন্দ্র থেকেই জয়লাভ করেছে।

West Tripura :

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব জয়লাভ করেছেন। তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেস প্রার্থী আশীষ কুমার সাহাকে ৬ লক্ষ ১১ হাজার ৫৭৮ ভোটের ব্যবধানে পরাজিত করেছেন। বিপ্লব কুমার দেব পেয়েছেন ৮ লক্ষ ৮১ হাজার ৩৪১টি ভোট। কংগ্রেসের প্রার্থী আশীষ কুমার সাহা পেয়েছেন ২ লক্ষ ৬৯ হাজার ৭৬৩ ভোট।

East & Ramnagar assembly final :

পূৰ্ব ত্ৰিপুৰা লোকসভা আসনে বিজেপি প্ৰাৰ্থী কৃতি দেবী দেববৰ্মণ জয়লাভ কৰেছেন। তিনি তাঁৰ নিকটতম প্ৰতিদ্বন্দ্বী সিপিআইএম প্ৰাৰ্থী ৰাজেন্দ্ৰ ৰিয়াংকে ৪ লক্ষ ৮৬ হাজাৰ ৮১৯ ভোটৰ ব্যবধানে পৰাজিত কৰেছে। শ্ৰীমতি দেববৰ্মন পেয়েছেন তিনি পেয়েছেন ৭ লক্ষ ৭৭ হাজাৰ ৪৪৭ টি ভোট এবং ৰাজেন্দ্ৰ ৰিয়াং পেয়েছেন ২ লক্ষ ৯০ হাজাৰ ৬২৮ টি ভোট। পূৰ্ব ত্ৰিপুৰা আসনে নোটায় ভোট পড়েছে ১৮ হাজাৰ ৩০৩ টি।

ৰামনগৰ বিধানসভা কেন্দ্ৰৰ উপনিৰ্বাচনে বিজেপি প্ৰাৰ্থী দীপক মজুমদাৰ জয়ী হয়েছেন। তিনি তাঁৰ নিকটতম প্ৰতিদ্বন্দ্বী সিপিআইএম প্ৰাৰ্থী ৰতন দাসকে ১৮ হাজাৰ ১৪ ভোটৰ ব্যবধানে পৰাজিত কৰেছেন। বিজেপি প্ৰাৰ্থী দীপক মজুমদাৰ পেয়েছেন ২৫ হাজাৰ ৩৮০ টি ভোট। সিপিআইএম প্ৰাৰ্থী ৰতন দাস পেয়েছেন ৭ হাজাৰ ৩৬৬ ভোট। নোটায় ভোট পড়েছে ৮৭৭টি।

Result :

বিজেপি প্রার্থী অমিত শাহ গান্ধীনগর থেকে ৪ লক্ষ ৬০ হাজারেরও বেশি ভোটে জয়লাভ করেছেন। তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেসের সোনাল রমাভাই প্যাটেলকে পরাজিত করেন।

হিমাচল প্রদেশে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর হামিরপুর আসন থেকে জয়লাভ করেছে। এই নিয়ে পর পর ৫ বার তিনি এই আসনে জয়ী হয়েছেন। তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেসের সতপাল রায়ষাদাকে ১ লক্ষ ৮২ হাজার ২৫৭ ভোটের ব্যবধানে পরাজিত করেন।

BJP-press meet :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, গণতন্ত্রের শক্তি এই নির্বাচনে প্রতিফলিত হয়েছে। গতকাল পশ্চিম ত্রিপুরা লোকসভার নির্বাচনী কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, এইবারের নির্বাচন খুব গুরুত্বপূর্ণ নির্বাচন ছিল। তিনি বলেন, আগামীদিনে দেশ কোন দিশায় চলবে, তা এই নির্বাচনের মাধ্যমে দেখা গেছে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে জয়ী প্রার্থী বিপ্লব কুমার দেব, রামনগর বিধানসভা উপনির্বাচনে জয়ী প্রার্থী দীপক মজুমদার, প্রদেশ বিজেপি মুখপাত্র সুব্রত চক্রবর্তী।

Marabari Biplab Kumar Deb :

পশ্চিম ত্ৰিপুৰা লোকসভা আসনে জয় লাভের পর প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সংসদ বিপ্লব কুমার দেব গতকাল রাতে মাতাবাড়ি ত্ৰিপুৰা সুন্দৰী মন্দিৰে পূজা দেন ১ তিনি বলেন, মাতা ত্ৰিপুৰা সুন্দৰী দেবীৰ আশীৰ্বাদ ছাড়া এই ফলাফল কখনোই অসম্ভব ১ সাংসদ বিপ্লব কুমার দেব এর সঙ্গে উপস্থিত ছিলেন ৰাজ্য বিজেপির সভাপতি ৰাজীৱ ভট্টাচাৰ্য, অৰ্থমন্ত্ৰী প্ৰণজিৎ সিংহ ৰায়, বিধায়ক অভিষেক দেৱৰায় এবং জিতেন্দ্ৰ মজুমদাৰ সহ বহু সংখ্যক কৰ্মী ও সমৰ্থক ১

World Environment Day :

আজ বিশ্ব পৰিবেশ দিবস। এই উপলক্ষে ত্ৰিপুৰা দূষণ নিয়ন্ত্ৰণ পৰ্ষদ এবং ৰাজ্য বিজ্ঞান, পৰিবেশ ও প্ৰযুক্তি দপ্তৰের উদ্যোগে যৌথভাবে নানা কৰ্মসূচি গ্ৰহণ কৰেছে। আজ সকালে আগৰতলা সুকান্ত একাডেমীৰ সামনে থেকে এক সচেতনতামূলক ৰেলিৰ আয়োজন কৰা হয়েছে । এছাড়া সকাল ৭টায় সুকান্ত একাডেমি প্ৰাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে বসে আঁকো প্ৰতিযোগিতা। তাছাড়াও দেবেন্দ্ৰনগৰ ডাম্পিং স্টেশনের আশপাশ এলাকায় বৃক্ষৰোপন কৰা হবে। শহৰের পাঁচটি বয়েজ হোস্টেলে ডাস্টবিন প্ৰদান ও গাছের চাৰা বিতৰণ কৰা হবে।

WEATHER :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত: মেঘলা থাকবে। দু'এক পশলা হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। উত্তর জেলা ঊনকোটি জেলা ও ধলাই জেলার কোথাও কোথাও বজ্রবিদ্যুত সহ প্রবল বৃষ্টির সতর্কবার্তা রয়েছে।

এছাড়া, রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে ও সঙ্গে বজ্রবিদ্যুত সহ বৃষ্টি হতে পারে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ সকাল পর্যন্ত বৃষ্টি হয়েছে ৬.৫ মিলিমিটার। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রী সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।
